# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৮১

১/ বিবিধ

আরবী

ليس من أخلاق المؤمن الملق إلا فى طلب العلم

موضوع

أخرجه ابن عدي (84 / 2) والسلفي في " المنتخب " من أصول السراج اللغوي (1 / 97 / 2) عن الحسن بن واصل، عن الخصيب بن جحدر، عن النعمان بن نعيم، عن معاذ ابن جبل، وقال ابن عدي: مداره على الخصيب بن جحدر
قلت: قال البخاري في " التاريخ الصغير " (197) : كذاب، استعدى عليه شعبة في الحديث، وقال النسائي في " الضعفاء " (11) : ليس بثقة قلت: ومثله الراوي عنه الحسن بن واصل، ويقال: الحسن بن دينار فقد كذبه
أحمد ويحيى وأبو حاتم وغيرهم، وفي ترجمته ساق الذهبي هذا الحديث كما أوردته عن ابن عدي، وقد أورده ابن الجوزي في " الموضوعات " (1 / 219) من طريقه فأدخل بين النعمان بن نعيم، ومعاذ، عبد الرحمن بن غنم، وهو عند السلفي بإثبات ابن غنم وإسقاط ابن نعيم، والله أعلم
ثم قال ابن الجوزي: مداره على الخصيب وقد كذبه شعبة، والقطان، وابن معين، وقال ابن حبان: يروي الموضوعات عن الثقات
وأقره السيوطي في " اللآلئ المصنوعة " (1 / 197) ، ثم تناقض فأورده في " الجامع الصغير " لكن من رواية البيهقي في " الشعب " عن معاذ، ولا يخفى أن هذه المغايرة في التخريج لا فائدة منها ما دام أن الحديث يدور على هذا الكذاب الخصيب! فقد قال

المناوي في " شرح الجامع
وقضية صنيع المصنف أن البيهقي خرجه وسلمه، والأمر بخلافه، بل عقبه ببيان علته فقال: هذا الحديث إنما يروي بإسناد ضعيف، والحسن بن دينار ضعيف بمرة، وكذا خصيب هذا لفظه بحروفه، فحذف المصنف له من كلامه غير صواب
قلت: ولعل السيوطي اغتر بإيراد البيهقي له في " الشعب " بناء على ما نقله هو غير مرة عنه، أنه لا يورد في " الشعب " ما كان موضوعا، فاعلم أن هذا ليس صحيحا على إطلاقه، أو هو رأى البيهقي وحده في كتابه، وإلا فكم فيه من موضوعات سبق بعضها ويأتي الكثير منها، وفي حفظي أن السيوطي قد وافق على وضع بعضها، فهذا كله يدلنا على أن السيوطي يغلب عليه التقليد في كثير من الأحيان، وهذا هو السبب في وقوع الأحاديث الموضوعة في كتابه " الجامع الصغير " الذي نص في مقدمته أنه صانه عما تفرد به كذاب أو وضاع
هذا وللحديث طريق آخر من حديث أبي أمامة، رواه ابن عدي (240 / 2) عن فهر بن بشر، حدثنا عمر بن موسى عن القاسم عنه مرفوعا به، وقال: عمر بن موسى الوجيهي في عداد من يضع الحديث متنا وإسنادا
قلت: وفهر بن بشر لا يعرف كما قال ابن القطان، وأقره الحافظ في اللسان
وله طريق ثالث بنحو هذا اللفظ أورده ابن الجوزي في " الموضوعات " أيضا، وهو: (الأتي)

বাংলা

৩৮১। জ্ঞান অনুসন্ধান করার মধ্য ছাড়া মুমিনের চরিত্রের মধ্যে হিংসা ও তোষামোদী থাকতে পারে না।

হাদীসটি জাল।

এটি ইবনু আদী (২/৮৪) এবং সিলাফী "মুনতাখাব মিন উসুলিস সিরাজিল লুগাবী" গ্রন্থে (১/৯৭/২) হাসান ইবনু ওয়াসিল হতে, তিনি খুসায়েব ইবনু যাহদার হতে ... বর্ণনা করেছেন। ইবনু আদী বলেনঃ খুসায়েব হচ্ছেন হাদীসটির কেন্দ্রবিন্দু।

আমি (আলবানী) বলছিঃ বুখারী “তারীখুস সাগীর” গ্রন্থে (১৯৭) বলেন তিনি মিথ্যুক।

নাসাঈ "আয-যুয়াফা" গ্রন্থে (১১) বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন।

আমি (আলবানী) বলছিঃ তার থেকে বর্ণনাকারী হাসান ইবনু ওয়াসিলও তার ন্যায়। তাকে বলা হয় হাসান ইবনু দীনার। তাকে আহমাদ, ইয়াহইয়া, আবু হাতিম প্রমুখ মিথ্যুক আখ্যা দিয়েছেন। তার জীবনীতে যাহাবী এ হাদীসটি উল্লেখ করেছেন। হাদীসটি ইবনুল জাওয়ী তার “আল-মাওযূ"আত” গ্রন্থে (১/২১৯) ইবনু আদীর সূত্রেই উল্লেখ করেছেন। অতঃপর ইবনুল জাওযী বলেছেনঃ এটির সমস্যার কেন্দ্রবিন্দু হচ্ছেন খুসাইব; তাকে শু’বা, কাত্তান, ইবনু মাঈন মিথ্যুক আখ্যা দিয়েছেন। আর ইবনু হিব্বান বলেছেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনাকারী। তার এ বক্তব্যকে সুয়ুতী “আল-লাআলী” গ্রন্থে (১/১৯৭) সমর্থন করেছেন, তা সত্ত্বেও তিনি “জামেউস সাগীর” গ্রন্থে বাইহাকীর সূত্রে হাদীসটি এ মিথ্যুক খুসায়েব থেকেই উল্লেখ করেছেন।

এ হাদীসটির আরো একটি সূত্র রয়েছে। ইবনু আদী (২/২৪০) ফেহের ইবনু বিশর হতে, তিনি উমর ইবনু মূসা ওয়াজীহি হতে ... বর্ণনা করেছেন। অতঃপর বলেছেনঃ উমার ইবনু মূসা ওয়াজীহি হাদীসের ভাষা এবং সনদ জলকারীদের অন্যতম।

আমি (আলবানী) বলছিঃ ফেহের ইবনু বিশরকে চেনা যায় না, যেমনভাবে ইবনু কাত্তান বলেছেন এবং হাফিয “আল-লিসান” গ্রন্থে তা স্বীকার করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67966

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন